**উপজেলা পরিষদ**
**উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।**
**www.atpara.netrokona.gov.bd**

# মার্চ/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: খায়রুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
তারিখ ও সময় : ৩১ মার্চ ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা।

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব এম. সাজ্জাদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. **প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ২০ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ২৮ মার্চ পর্যন্ত গৃহভিত্তিক প্রাণীসম্পদ তথ্য সংগ্রহ অভিযান সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা |
| ০২. **স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, ভিআইপি ক্যাম্পেইন পরিচালনা করার জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সহযোগীতা কমনা করেন। তিনি হাসপাতালে সোলার স্ট্রিট লাইট ও বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে একটি সাব-মার্সিবল টিউবওয়েল দেয়ার জন্য সভাপতি মহোদয়ের প্রতি অনুরোধন করেন। তিনি আরো জানান যে, প্রতি রবিবার ও সোমবার সকাল ১১.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত হাসপাতালে অপারেশন কার্যক্রম চলাকালীন সময়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগের প্রতি বিনীত অনুরোধ জানান। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. **কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে আউশের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৩০০ জন কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হবে। এছাড়া বোরো মৌসুমে কাঙ্খিত ফলনের জন্য কৃষকদের সঠিক পরামর্শ চলমান রয়েছে।। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. **স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায়, পরিষদের রাজস্ব তহবিল, এবং এডিপি হতে নিম্ন বর্ণিত প্রকল্প সম্পাদনের প্রস্তাব করেন। এডিপি (থোক) যে সকল প্রকল্প E-GP তে টেন্ডার করা হয়েছে, তার তালিকা পরিশিষ্ট 'খ' সংযুক্ত এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে। যদি এই অর্থ বছরে বরাদ্দ না পাওয়া যায়, তবে আগামী অর্থবছরে সমন্বয় করা হবে।<br><br>**প্রকল্প নাম** / **তহবিল** / **বরাদ্দ**<br>(১) উপজেলা পরিষদ চত্বর ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়। / রাজস্ব / ২,০০,০০০/-<br>(২) শিল্পকলা ও পাবলিক লাইব্রেরী উন্নয়ন, আবসাবপত্র সরবরাহ এবং বই ক্রয়। / এডিপি (থোক) / ২,০০,০০০/- | ১. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এডিপি থোক বরাদ্দের বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২. আটপাড়া উপজেলা একটি অনুন্নত উপজেলা হওয়ায় এ উপজেলায় অতিরিক্ত বরাদ্দের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. ইউনিয়ন পরিষদ চেয়াম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |

| | | | | |
|---|---|---|---|---|
| (৩) ভরতোষী ফেরিঘাট হইতে দরবেশপুর আমির খান বাড়ীর রাস্তায় শফিকের ক্ষেতের পাশে ইউড্রেন নির্মাণ। | | ২,০০,০০০/- | ০৩. উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পে আওতায় (ক) উপজেলা বিভিন্ন হাট বাজার স্বাস্থ্যকেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠানে সোলার স্ট্রিট লাইট স্থাপন (INF-2021-22-457204-01) উক্ত প্রকল্পের ভ্যাট ও আয়কর সহ চূড়ান্ত বিল বাবদ ১২,১৫,৪৯৯/- (বারো লক্ষ পনের হাজার চারশত নিরানব্বই) টাকার বিল অনুমোদনের জন্য পিএমইউ-তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং এছাড়াও (খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই লো বেঞ্চ ও মেয়েদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষায় ভেন্ডিং মেশিন সরবরাহ। (গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ অপারেশন থিয়েটারে প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ। (ঘ) আটপাড়া থানা শহিদ স্মরনিকা উচ্চা বিদ্যালয়, ঘাগড়া উচ্চ বিদ্যালয়, নাজিরগঞ্জ উচ্চ বিদ্যালয়ে মেয়েদের পৃথক কমনরুম নির্মাণ। প্রকল্প সমূহের কাজ সম্পন্ন হওয়ার সাপেক্ষে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে খন্ডকালীন সুইপার হিসবে জনাব মো: মাজহারুল ইসলাম বাবু, পিতা-মৃত বাবুল মিয়া, মাতা-মোছা: মদিনা বেগম, গ্রাম-পশ্চিম কাটলি, নেত্রকোণা সদর, নেত্রকোণাকে ০১ এপ্রিল ২০২৪ হতে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৪) ভরতোষী ফেরিঘাট হইতে দরবেশপুর আমির খান বাড়ীর রাস্তায় সুনীল বাবুর ক্ষেতের পার্শে ইউড্রেন নির্মাণ। | | ২,০০,০০০/- | | |
| (৫) আটপাড়া উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৈদুৎতিক পাখা সরবরাহ। | | ২,০০,০০০/- | | |
| (৬) আটপাড়া উপজেলাধীন বানিয়াজান ইউনিয়নে বানিয়াজান পর্বপাড়া শাতাল হাওর সড়কে শমসের মিয়ার বাড়ীর নিকট ০১ (এক) টি ইউড্রেইন নির্মাণ। | | ১,০০,০০০/- | | |
| (৭) দুওজ ইউনিয়নে মানিষা বেড়াবাধ রাস্তায় একটি ইউড্রেইন নির্মাণ। | | ১,২৫,০০০/- | | |
| (৮) দুওজ ইউনিয়নে শ্রীরামপাশা বাগড়া হাওর বীরেন্দ্র অট্টাচার্যের জমির পাশে একটি ইউড্রেইন নির্মাণ। | | ১,৩০,০০০/- | | |
| (৯) আটপাড়া উপজেলা নির্বাহী অফিসারে বাসা মেরামত। | | ১,৫০,০০০/- | | |
| (১০) আটপাড়া উপজেলা বিলাশ কোয়াটার মেরামত | | ১০,০০,০০০/- | | |
| (১১) আটপাড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার সরবরাহ। | এডিপি (থোক) | ২,০০,০০০/- | | |
| (১২) আটপাড়া উপজেলাধীন শুনই ইউনিয়নে বারহাট্টা জিসি সড়ক হইতে গোয়াতলা হাওর রাস্তায় তালু মিয়ার ক্ষেতের নিকট একটি ইউড্রেইন নির্মাণ | | ১,০০,০০০/- | | |
| (১৩) আটপাড়া উপজেলাধিন দুওজ ইউনিয়নে মাদ্রাসা ও স: প্রা: বিদ্যালয়ে ড্রেইন নির্মাণ। | | ১,৮০,০০০/- | | |
| (১৪) লুনেশ্বর ইউনিয়নে নারায়নপুর গ্রামে পশ্চিমপাড়া গ্রামে প্যালাসাইডিং নির্মাণ | | ১,৫০,০০০/- | | |
| (১৫) আটপাড়া উপজেলাধীন দুওজ ইউনিয়নে নাছিরখালী ও উকরা খালি বাধ নির্মাণ | | ২,০০,০০০/- | | |
| (১৬) উপজেলা প্রকৌশলীর অফিস মেরামত | | ২,০০,০০০/- | | |
| (১৭) উপজেলা নির্বাহী অফিসারের অফিস মেরামত। | | ২,০০,০০০/- | | |
| (১৮) আটপাড়া উপজেলাধীন শিল্পকলা একাডেমি উন্নয়ন | | ২,০০,০০০/- | | |
| (১৯) আটপাড়া উপজেলাধীনি বিভিন্ন কমউনিটি ক্লিনিকে আসবাপত্র সরবরাহ। | | ২,০০,০০০/- | | |

<table>
<tr>
<td>
রোড ইনভেন্টরিতে নতুন রাস্তা সংযোজন।
<table>
<tr><th>রাস্তার নাম</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>(১) আটপাড়া নেত্রকোণা রোড গোয়াতলা পশ্চিমপাড়া মসজিদ সল্ল শুনই সড়ক ২ কি.মি.।(আইডি:৭৩২০৪৫০৭৬)</td><td></td></tr>
<tr><td>(২) মল্লিকপুর শুনই ভোগাপাড়া রাস্তায় মল্লিকপুর শুনই গাঙের কান্দা মো: সবুজ মিয়ার বাড়ী হইতে শ্যামপুর স:প্রা: বিদ্যা: পর্যন্ত ১.০০ কি.মি।</td><td></td></tr>
<tr><td>(৩) খালিয়াখালী মসজিদ হইতে বনুয়া হাওর পর্যন্ত ২.০০ কি.মি।</td><td></td></tr>
<tr><td>(৪) ভরতোষী শাহাবাজপুর সড়ক হইতে মির্জাপুর খেয়াঘাট পর্যন্ত ১.০০ কি.মি।</td><td></td></tr>
<tr><td>(৫) ভরতোষী শাহাবাজপুর সড়ক হইতে ভরতোষী স:প্রা: বিদ্যা: ভায়া ইউনিয়ন ভূমি অফিস পর্যন্ত ১.০০ কি.মি।</td><td></td></tr>
<tr><td>(৬) আটপাড়া নেত্রকোণা রোড হইতে সেতুর বাজার সিএনজি স্টেশন পর্যন্ত ৫০০ মিটার।</td><td></td></tr>
<tr><td>(৭) আটপাড়া নেত্রকোণা রোড হইতে গোয়াতলা পশ্চিমপাড়া ১.০০ কি.মি।</td><td></td></tr>
<tr><td>(৮) আটপাড়া বারহাট্টা রোড হইতে বনুয়া হাওর পর্যন্ত ২.০০ কি.মি।</td><td></td></tr>
<tr><td>(৯) গোয়াতলা বাগবাড়ি হইতে আটপাড়া বারহাট্টা রোড পর্যন্ত ২.০০ কি. মি।</td><td></td></tr>
<tr><td>(১০) আটপাড়া অভয়পাশা রাস্তা হইতে পাহাড়পুর বীর মুক্তিযোদ্ধা একলাছ উদ্দিনের বাড়ী হইতে বীর মুক্তিযোদ্ধা আছব খানের বাড়ী পর্যন্ত ১.০০ কি. মি।</td><td></td></tr>
<tr><td>(১১) আটপাড়া উপজেলা লাল চান্দের বাজার রাস্তা হইতে স্বপনের দোকানের নিকট দিয়ে মসজিদের সামন দিয়ে জাকিরের বাড়ী পর্যন্ত ১.০০ কি. মি।</td><td></td></tr>
<tr><td>(১২) আটপাড়া অভয়পাশা রোড হতে খান বাড়ি রোড ৫০০ মিটার (আইডি:৩৭২০৪৫১৮৪)</td><td></td></tr>
<tr><td>(১৩) আটপাড়া নেত্রকোণা রোড হতে দিপা মেম্বারের বাড়ি পর্যন্ত ৫০০ মিটার।</td><td></td></tr>
</table>
তিনি আরো বলেন যে, আটপাড়া উপজেলা একটি অনুন্নত উপজেলা হওয়ায় এ উপজেলায় অতিরিক্ত বরাদ্দের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন (পরিশিষ্ট 'গ')। তিনি আরো বলেন যে, সংশ্লিষ্ট হাট-বাজার উন্নয়ন খাত ১৫% হতে স্বরমুশিয়া বাজার, অভয়পাসা বাজার, কোনাপাড়া বাজারে সিসি রাস্তা ও গরুর বাজারে টিনশেড নির্মাণ এবং তেলিগাতী বাজারে, সিসি রাস্তা করণ ও সিসি ক্যামেরা স্থাপনে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পর বিল প্রদানের বিষয়ে আলোচনা করেন। এছাড়া তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে খন্ডকালীন একজন সুইপার নিয়োগের বিষয়ে আলোচনা করেন।
</td>
<td>০৫. সংশ্লিষ্ট হাট-বাজার উন্নয়ন খাত ১৫% হতে স্বরমুশিয়া বাজার, অভয়পাসা বাজার, কোনাপাড়া বাজারে সিসি রাস্তা ও গরুর বাজারে টিনশেড নির্মাণ এবং তেলিগাতী বাজারে, সিসি রাস্তা করণ ও সিসি ক্যামেরা স্থাপনে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫. <u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td>
<td>নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td>
</tr>
<tr>
<td>০৬. <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ :</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জেলার নির্দেশনা অনুযায়ী উপজেলার সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সংযুক্ত করে হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলা হয়েছে। প্রতিদিনের শিক্ষক উপস্থিতি/অনুপস্থিতি এবং ছাত্রছাত্রীদের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য উক্ত হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে এবং গুগল লিংকের মাধ্যমে প্রধান শিক্ষকগণ প্রেরণ করেন। প্রাপ্ত তথ্য সমন্বিত করে প্রতিদিন জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়।</td>
<td>হোয়াটসঅ্যাপ গ্রুপ ও গুগল লিংকের মাধ্যমেপ্রতিদিন শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য নির্দেশনা অনুযায়ী প্রতিদিন জেলা পর্যায়ে প্রেরণ করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি করতে হবে। প্রধান শিক্ষকগণকে প্রতিদিনের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য প্রেরণে সক্রিয় ভূমিকা পালন করবে</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ০৭. **শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, গত ৩০.০৩.২০২৪ থেকে উপজেলা পর্যায়ে অভ্যন্তরে শিক্ষকদের বদলি কার্যক্রম চালু হয়েছে। অনলাইন সফট ওয়েরের মাধ্যমে এই বদলি কার্যক্রম সম্পন্ন হবে। এতে স্বচ্ছতার সাথে দ্রুততম সময়ে বদলি কার্যক্রম সম্পন্ন হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩য় কিস্তির ভাতার টাকা ছাড়করণ করা হয়েছে। ঈদের আগেই সকলে টাকা পাওয়ার কথা রয়েছে। এ অর্থবছরের নতুন যে বরাদ্দ পাওয়া গিয়েছে তার যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। অনলাইনে আবেদনকৃতদের মধ্যে অধিকতর যোগ্যদের চূড়ান্তভাবে ভাতার আওতায় আনা হয়েছে। এছাড়া ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক, প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগের আক্রান্ত ১৪ জন রোগীর মাঝে ৭ লক্ষ টাকা চলতি মাসে বিতরণ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান ...........(সকল) ইউনিয়ন পরিষদ, আটপাড়া। |
| ১০. **সমবায় বিভাগ:** উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, তিনটি আশ্রয়ন প্রকল্প থেকে মোট ৯৭২০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। নিরীক্ষা ফি বাবদ ২৯৭০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৮৯১/- টাকা আদায় করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান স্বরমুশিয়া ইউনিয়নে Impoct প্রকল্পের মাধ্যমে বায়োগ্যাসের ০৫ টি লাস্ট স্থাপনা প্রক্রিয়া চলমান। জেলা কার্যালয়ে ০১ মাস মেয়াদী গবাদি পশু পালনের প্রশিক্ষণ বিজ্ঞাপন চলমান। এছাড়া নিয়মিত প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| ১২. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১৩. **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২৪ মাসে ০১ (এক) টি মৎস্য খাদ্য লাইসেন্স নাবায়ন করা হয়েছে এবং ২০ জন মৎস্য চাষীকে পরামর্শ প্রদান করা হয়েছে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৪. **মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে তেলিগাতী-০৫, লুনশ্বের ০৫ এবং সুখারী-১৩ টি নলকূপের স্থান তালিকা পাওয়া যায়নি। ২০২৩-২০২৪ অর্থবছরের কাজ চলমান। প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান।ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. **ইউজিডিপি প্রকল্প (জাইকা):**<br>প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় জানান যে, প্রকল্পরে কাজ স্বাভাবিক চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭. **বিদ্যুৎ বিভাগ:**<br>সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮. **তথ্যআপা প্রকল্প:** | | |

<table>
<tr><td>তথ্যসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৯. <u>বিবিধ আলোচনা</u>: (ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন: উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন। (১) পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত। (২) মশা নিধন (৩) বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা (৪) ক্লোজ সার্কিট ক্যামরা ক্রয়।</td><td>(ক) বস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আসবাপত্র সরবরাহ প্রকল্পের বিল অনুমোদনরের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি।</td></tr>
<tr><td>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত: রাজস্ব তহবিল ২৮ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০</td></tr>
<tr><td>জীপ গাড়ি মেরামত ব্যয়</td><td>১৫০০০</td></tr>
<tr><td>আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল</td><td>৩৫,০০০</td></tr>
<tr><td>পানির পাম্প রক্ষণাবেক্ষণ</td><td>১০,০০০</td></tr>
<tr><td>মশা নিধন</td><td>১০,০০০</td></tr>
<tr><td>বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা</td><td>৪০,০০০</td></tr>
<tr><td>ক্লোজ সার্কিট ক্যামরা ক্রয়</td><td>২,০০,০০০</td></tr>
<tr><td>মালী মজুরী প্রদান</td><td>১৭০৫০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৪,২১,০৫০/-</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল ২৮ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৪,২১,০৫০/- (চার লক্ষ একুশ হাজার পঞ্চাশ) টাকার ব্যায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা</td></tr>
</table>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/৩/২৪

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪-২৫৬

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ / ৩১ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ...............................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ...............................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ...............................................................................................

৩১/০৩/২৪

(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা